



রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ

আরডিএ ভবন, বনলতা বাণিজ্যিক এলাকা,

রাজশাহী-৬২০৩।

“আবাসিক প্লট বরাদের বিজ্ঞপ্তি”


এতদ্বারা আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হতে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের আওতাধীন রাজশাহী বাইপাস সংযোগ সড়ক সংলগ্ন পূর্ব দিকে বড়বনহাম মৌজায় অবস্থিত “বারনই আবাসিক এলাকা উন্নয়ন” প্রকল্পের আবাসিক প্লট বরাদের জন্য নির্ধারিত ফরমে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

বারনই আবাসিক এলাকা উন্নয়ন প্রকল্পের আবাসিক (কমবেশী ২.৫০কাঠা, ৩.০০কাঠা, ৩.৫০কাঠা, ৪.০০কাঠা, ৫.০০কাঠা, ৬.০০কাঠা বিশিষ্ট ২১৯টি প্লট) প্লট বরাদ্দ গ্রহণে আগ্রহী বাংলাদেশী নাগরিকগণ রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের নির্ধারিত ফরমে আবেদন করতে পারবেন। উক্ত প্রকল্পে প্রতি কাঠা জমির মূল্য =৯,৮৩,০০০/- (নয় লক্ষ তিরাশি হাজার) টাকা। আবেদনপত্র ও প্রসপেক্টাস অংশী ব্যাংক লিমিটেড, আরডিএ ভবন শাখা, রাজশাহী হতে নগদ=২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা (অফেরত্বযোগ) জমা দিয়ে আগামী ৩০/০৩/২০১৭ ত্রিশ তারিখ পর্যন্ত (ব্যাংক লেনদেন চলাকালীন সময়ে) সংগ্রহ ও জমা প্রদান করা যাবে। এছাড়াও আবেদনপত্র ও প্রসপেক্টাস রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের ওয়েব সাইট- www.rdaraj.org.bd থেকে সংগ্রহ করা যাবে। তবে আবেদনপত্রের সাথে আবেদনপত্রের মূল্য বাবদ =২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা চেয়ারম্যান, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ হিসাব নং-০২০০০০৫৬২৯০৮৩ অংশী ব্যাংক লিমিটেড, আরডিএ ভবন শাখা, রাজশাহী বরাবরে অন-লাইন এ জমা প্রদান করে রশিদের কপি আবেদনপত্র ও প্রসপেক্টাসের সাথে জমা প্রদান করতে হবে। আবাসিক প্লট বরাদ্দ সংক্রান্ত অন্যান্য মৌলিক তথ্যাদি আবেদনপত্র ও প্রসপেক্টাসে উল্লেখ থাকবে।

- ২। কোন ব্যক্তি বা তাঁর স্বামী/স্ত্রী বা তাঁর কোন সন্তান রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের আওতাধীন এলাকার মধ্যে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ বা অন্য কোন সরকারি বা আধাসরকারি প্রতিষ্ঠানের কোন প্লট বা ফ্ল্যাট বা বাড়ি বা জমি বরাদ্দ বা লীজ গ্রহণ করলে অথবা উত্তরাধিকারসূত্রে বা ত্রয়সূত্রে বা অন্য কোন উপায়ে অর্জন করে থাকলে তিনি এ প্রকল্পের প্লটের জন্য আবেদন করতে পারবেন না।
- ৩। কোন ব্যক্তি বা তাঁর স্বামী/স্ত্রী বা তাঁর কোন সন্তান রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের অধিক্ষেত্রের মধ্যে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ বা অন্য কোন সরকারি বা আধাসরকারি প্রতিষ্ঠানের কোন প্লট বা ফ্ল্যাট বা জমি অতীতে উল্লিখিত উপায়ে অর্জন করার পর তা হস্তান্তর করলে তিনি এ প্রকল্পে প্লটের জন্য আবেদন করতে পারবেন না।
- ৪। আবেদনকারীর বয়স বিজ্ঞপ্তির তারিখে ন্যূনতম ১৮(আঠার) বৎসর হতে হবে।
- ৫। দরখাস্ত জমা দেওয়ার স্থান এবং প্লটের কাঠা প্রতি জামানত নিম্নে উল্লেখ করা হলো :

দরখাস্ত জমা দেওয়ার স্থান	জামানতের পরিমাণ (প্রতি কাঠা)	বরাদ্দ বিষয়
এস্টেট শাখা, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, বনলতা বাণিজ্যিক এলাকা, রাজশাহী।	কাঠা প্রতি=১,০০,০০০/- (এক লক্ষ) টাকা।	আবেদনপত্র প্রাপ্তির পর প্রসপেক্টাসে বর্ণিত পেশা ও ক্যাটাগরির বিপরীতে বর্ণিত শতকরা হারের ভিত্তিতে বৈধ আবেদনকারীগণকে নির্ধারিত পক্ষতিতে প্লট বরাদ্দ প্রদান করা হবে। বরাদ্দ তালিকা প্রকাশের পূর্বে যে কোন আবেদনকারী আবেদন প্রত্যাহারসহ জামানতের অর্থ ফেরত নিতে পারবেন। তবে কোন ক্ষেত্রেই সুদ প্রদান করা হবে না।

- অসম্পূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদন বাতিল হিসেবে গণ্য হবে।
- জামানতের টাকা চেয়ারম্যান, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ হিসাব নং-০২০০০০৫৬২৯০৮৩ অংশী ব্যাংক লিমিটেড, আরডিএ ভবন শাখা, রাজশাহী এর অনুকূলে যে কোন তফসিলভূক্ত /বাণিজ্যিক ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ডিভি(কালেকশন চার্জ ব্যাটীত) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- বিদেশে কর্মরত বাংলাদেশী নাগরিকগণ প্লট বরাদের জন্য আবেদন করতে পারবেন। আবেদনকারীগণ রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ এর ওয়েব সাইট- www.rdaraj.org.bd হতে প্রসপেক্টাসহ আবেদনপত্র ডাউনলোড করে আবেদনপত্রের নির্ধারিত মূল্য =৩৪ মার্কিন ডলার ও জামানত বাবদ প্রতি কাঠার জন্য =১৩৪০ মার্কিন ডলার চেয়ারম্যান, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, হিসাব নম্বর- FCD No. 569(D) (US Dollar), SWIFT CODE : AGBKBDDH027, Agrani Bank Limited, Shaheb Bazar Cop. Branch, Rajshahi, Bangladesh. বরাবর জমা প্রদান করে উহার রশিদ প্রসপেক্টাসহ আবেদনপত্র জমা প্রদান করা যাবে।
- ডাকযোগে আবেদনপত্র ও প্রসপেক্টাস প্রেরণ করা যাবে এক্ষেত্রে আবেদনপত্র গ্রহণের শেষ তারিখের মধ্যেই এস্টেট শাখা, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষে পৌছাতে হবে। আবেদনপত্র গ্রহণের নির্ধারিত তারিখের পর আর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- যাচাই-বাছাইকৃত আবেদনকারীগণের মধ্যে বরাদ্দযোগ্য প্লট লটারির মাধ্যমে বরাদ্দ দেওয়া হবে। লটারির তারিখ এবং ফলাফল রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের ওয়েবসাইট ও নেটিশ বোর্ডে হতে জানা যাবে।
- রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ কোন কারণ দর্শনো ব্যতিরেকেই যে কোন অথবা সকল আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
- অনিবার্য কারণবশতঃ আবেদনপত্র গ্রহণের শেষ দিন কোন সরকারি ছুটি ঘোষিত হলে/ব্যাংক কার্যক্রম বন্ধ থাকলে পরবর্তী কার্যদিবসে আবেদনপত্র গৃহীত হবে তবে আবেদনপত্র গ্রহণের সময় অপরিবর্তীত থাকিবে।


 (বীর মুক্তিযোদ্ধা অধ্যক্ষ মোঃ বজ্রনুর রহমান)
 চেয়ারম্যান
 রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ।
 ফোন নং-০৭২১-৭৬২০২১